# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 07 April, 2025

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান গণহত্যা ও দখলদারিত্বের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এবং 'গ্লোবাল স্ট্রাইক ফর গাজা'র প্রতি সংহতি প্রকাশ করে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আয়োজিত হয়েছে 'সলিডারিটি অ্যাসেম্বলি' কর্মসূচি।

সোমবার (৭ এপ্রিল) বেলা ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়।মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিনারে এসে শেষ হয়।পরে সেখানে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশ থেকে ফিলিস্তিনের স্বাধীনতা কামনা ও ইসরায়েলের দখলদার রাষ্ট্র হিসেবে নিন্দা জানিয়ে গণহত্যার অবসান দাবি করা হয়। কর্মসূচিতে অংশগ্রহণ করেন সর্বস্তরের শিক্ষক, শিক্ষার্থী ও সাধারণ জনগণ।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের  উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল বলেন, “গাজায় চলমান নির্মম হত্যাযজ্ঞের তীব্র নিন্দা জানাই। বিশ্ববাসীর প্রতি আমি আহ্বান জানাচ্ছি—এই গণহত্যা অবিলম্বে বন্ধ করতে কার্যকর ভূমিকা রাখুন।ফিলিস্তিনের জনগণকে তাদের নিজ ভূমি ফিরিয়ে দেওয়া হোক।মাতৃভূমিকে মুক্ত করার অধিকার প্রতিটি মানুষেরই রয়েছে।কিন্তু ইসরাইল যেভাবে নিষ্পাপ শিশু, নারী ও সাধারণ মানুষের উপর নির্বিচারে হামলা ও হত্যাযজ্ঞ চালিয়ে যাচ্ছে তা কোনোভাবেই মানবতা হিসেবে সহ্য করার মতো নয়।

এ সময় তিনি আরো বলেন, আমরা মুসলমান বলেই কি আমাদের উপর এই নির্মমতা? বিশ্বের মুসলিমপ্রধান প্রতিবেশী দেশগুলোও আজ নীরব দর্শকের ভূমিকায়।এটা অত্যন্ত দুঃখজনক।আমরা চাই ফিলিস্তিন হোক মুক্ত, ফিলিস্তিনবাসী ফিরে পাক তাদের নিজ মাতৃভূমি।যারা এই নির্মম গণহত্যা চালিয়েছে, তাদেরকে মানবতাবিরোধী অপরাধের দায়ে আন্তর্জাতিক আদালতের মাধ্যমে বিচারের আওতায় আনা হোক।”

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:11

URL: https://www.timestodaybd.com/public/campus/445775807